

বাংলাদেশ দূতাবাস

এথেস, গ্রীস

এথেস, ১০ জানুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি: এথেসে বাংলাদেশী শিক্ষার্থীদের মধ্যে প্রাথমিক স্তরের নতুন বই বিতরণ

গ্রীসের এথেসস্থ বাংলাদেশ দূতাবাসে প্রবাসী বাংলাদেশী শিক্ষার্থীদের মধ্যে প্রাথমিক স্তরের নতুন বই বিতরণ করা হয়েছে। এ উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্থানীয় বাংলাদেশ দোয়েল একাডেমীর ছাত্রছাত্রীরা গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. জসীম উদ্দিনের কাছ থেকে নতুন বছরের বই গ্রহণ করে।

দূতাবাসের কাউন্সেলর(শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী- এর সঞ্চালনায় এই অনুষ্ঠানে স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকসহ দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

রাষ্ট্রদূত মো. জসীম উদ্দিন তাঁর বক্তব্যে বলেন যে, বর্তমান সরকার মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ভিশন ২০২১, ২০৪১ এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের জন্য শিক্ষা খাতকে অগ্রাধিকার প্রদান করে আসছে। শিক্ষাকে সমন্বয়পযোগী ও কর্মমুখী করে তুলতে জাতীয় শিক্ষা নীতি ২০১০ প্রণীত হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রদূত প্রবাসে নতুন প্রজন্মের মধ্যে বাংলা শিক্ষার চর্চাকে ধরে রাখতে গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের আহ্বান জানান। তিনি শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি অভিভাবকদের ভূমিকার উপর জোর দিয়ে বলেন যে, দেশের জন্য যোগ্য, দায়িত্বশীল এবং শিক্ষিত প্রজন্ম গড়ে তোলার জন্য শিক্ষক-শিক্ষিকারা যেনো ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় অভিভাবকদের সম্পৃক্ত করেন। এই প্রসঙ্গে তিনি স্থানীয় দোয়েল একাডেমীর ভূমিকার প্রশংসা করেন। তিনি এ বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ভাল ফলাফলের জন্য বাংলাদেশ দোয়েল একাডেমীকে অভিনন্দন জানান।

এই অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন দোয়েল একাডেমীর অধ্যক্ষ মো. জাহিদুল হক, শিক্ষিকা খন্দকার মেভিজ এবং কয়েকজন ছাত্র-ছাত্রী।